বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ইউজিসি/বেঃ বিঃ/৬৬৭(২)/অংশ-১/২০১৩/ ২৫৭৭

তারিখ ঃ ১০ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২৪ জুন ২০২১ খ্রিস্টাব্দ

রেজিস্ট্রার
রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়
২৫, সুলতান গিয়াস উদ্দিন রোড, শীতলক্ষ্যা
নারায়ণগঞ্জ-১৪০০।

বিষয় ঃ Masters of Public Health প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।

জনাব

আপনার বিশ্ববিদ্যালয়ের জন্য Kumudini school of public health অনুষদভুক্ত Department of Public Health বিভাগের অধীনে Masters of Public Health প্রোগ্রামটি নিম্নোক্ত শর্তে অনুমোদন প্রদান করা হলো:

১. ক্রেডিট আওয়ারস্ ৭০ সংবলিত উক্ত প্রোগ্রামের সিলেবাস/কারিকুলামে যে কোনো ধরণের পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। কমিশনের অনুমোদন ব্যতীত ডিগ্রি টাইটেল-এর কোনো পরিবর্তন করা যাবে না। প্রোগ্রামটি অবশ্যই রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়, ২৫, সুলতান গিয়াস উদ্দিন রোড, শীতলক্ষ্যা, নারায়ণগঞ্জ-১৪০০ ঠিকানাস্থ ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোনো ক্যাম্পাসে নয়।

২. প্রোগ্রামটি Dual Semester ভিত্তিক পরিচালনা করতে হবে। এই প্রোগ্রামটিতে বছরে সর্বোচ্চ ০২ (দুই) বার এবং প্রতিবারে সর্বোচ্চ ৩০(ত্রিশ) জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোর্সে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কমিশন প্রণীত ছক অনুযায়ী একটি ইউনিক রেজিস্ট্রেশন (আইডি) নম্বর প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন (আইডি) নম্বর বহাল থাকবে। বিশ্ববিদ্যালয় প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন (আইডি) নম্বর উল্লেখ করতে হবে।

৩. প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং/সান্ধ্য/শুক্র-শনি (উইকেন্ড)/এক্সিকিউটিভ ইত্যাদি নামে পরিচালনা করা যাবে না।

৪. কমিশন কর্তৃক অনুমোদিত স্নাতকোত্তর পর্যায়ের কোনো প্রোগ্রামে/কোর্সে কোনো শিক্ষার্থীকে ভর্তি করার ক্ষেত্রে কমিশন প্রণীত নির্ধারিত ভর্তির যোগ্যতা ও নীতিমালা অনুসরণ করতে হবে।

৫. জিইডি (GED) ডিপ্লোমাধারী শিক্ষার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।

৬. প্রোগ্রামটিতে শুধুমাত্র বিজ্ঞান বিভাগ থেকে পাশকৃত শিক্ষার্থী ব্যতীত অন্য কোনো বিভাগের শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

৭. প্রোগ্রামটি পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। পূর্ণকালীন কোনো শিক্ষককে কোনো সেমিস্টারে ০৪ টির বেশি কোর্স দেয়া যাবে না। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষককে খন্ডকালীন হিসেবে নিয়োগ দেয়া হলে ইউজিসি প্রণীত নীতিমালা/নির্দেশিকা অনুসরণ ও প্রতিপালন করতে হবে। শিক্ষকদের ৪টি ধাপ (প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপক) অনুসরণ করতে হবে এবং কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালার বাইরে কোনো শিক্ষককে নিয়োগ/পদোন্নতি দেয়া যাবে না।

৮. বর্ণিত কোর্সে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।

৯. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন গ্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে।

১০. লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং প্রতি বছর নতুন সংস্করণ আসলে তা লাইব্রেরিতে সংগ্রহ করতে হবে। এছাড়াও ইউজিসি ডিজিটাল লাইব্রেরির সদস্য হতে হবে (ইতোমধ্যে হয়ে থাকলে আর প্রয়োজন হবে না)।

১১. প্রোগ্রামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে। প্রোগ্রামের সিলেবাস/কারিকুলামটি পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লিখিত সময় শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পূর্বেই সিলেবাস/কারিকুলামটি পুনরায় আপডেট করে অনুমোদনের জন্য কমিশনে প্রেরণ করতে হবে। অন্যথায় উক্ত প্রোগ্রামটির অনুমোদন বাতিল করার ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

১২. প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট বিভাগের ওয়েবপেইজে প্রকাশ করতে হবে।

১৩. অনুমোদিত সিলেবাস/কারিকুলামটি (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে।

২। এই প্রোগ্রামটি পরিচালনার উদ্দেশ্যে উপরোল্লিখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

সংলগ্নিঃ বর্ণনামতে।

(স্বাক্ষর) ২৪.৬.২১
মোঃ ওমর ফারুখ
পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ।

স্মারক নং- ইউজিসি/বেঃ বিঃ/৬৬৭(২)/অংশ-১/২০১৩/

তারিখ ঃ ১০ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২৪ জুন ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. পরিচালক (ভারপ্রাপ্ত), আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (ওয়েবসাইটে তথ্য update করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ সচিব), ইউজিসি, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব, সদস্য (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪. ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৫. ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক মহোদয়ের দপ্তর বেঃবিঃ বিভাগ, ইউজিসি, ঢাকা।
৬. সংশ্লিষ্ট নথি/মহানথি।

(স্বাক্ষর) 24.06.2021
নূরী শাহরীন ইসলাম
সহকারী পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ।